রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ৬, ২০০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

আদেশ

তারিখ, ৫ই এপ্রিল ২০০০/২২শে চৈত্র ১৪০৬

এস, আর, ও নং ৮১-আইন/২০০০—Imports and Exports (Control) Act, 1950 (XXXIX of 1950) এর Section-3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার আমদানি নীতি আদেশ ১৯৯৭—২০০২ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত আদেশ এর পরিশিষ্ট-১ এর (খ) অংশে বিধৃত টেবিলের কলাম-১ এ উল্লিখিত এইচ এস হেডিং নং ৩৮·২২ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নতুন এইচ এস হেডিং নং ৩৯·১৫ এবং এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথাঃ—

| | | | |
|---|---|---|---|
| ৩৯·১৫ | ৩৯১৫·৯০ | স্ক্রেপ এ্যাকরেলিক | (ক) যে সকল শিল্প প্রতিষ্ঠান কাঁচামাল হিসাবে এ্যাকরেলিক ব্যবহার করে কেবলমাত্র ঐ সকল স্বীকৃত শিল্প প্রতিষ্ঠান উহাদের আই আর সি-তে উল্লিখিত উৎপাদন ক্ষমতা অনুযায়ী আমদানি করিতে পারিবে; (খ) আমদানির সংগে সংগে আমদানিকৃত স্ক্রেপ এ্যাকরেলিক এর উৎস এবং উৎস দেশ সম্পর্কে পরিবেশ অধিদপ্তরকে অবহিত করিতে হইবে। |



মূল্য : টাকা ১·০০

(গ) পরিবেশ সংক্রান্ত আন্তর্জাতিক কনভেনশন অনুযায়ী আমদানিকৃত ব্রেক এ্যাকরেলিকে টক্সিক বা তেজষ্ক্রিয় কোন দ্রব্য, যা পরিবেশ দূষণের কারণ হইতে পারে, আছে কিনা সে সম্পর্কে জাহাজজাতকরণের পূর্বে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সার্ভেয়ার বা পিএসআই কোং এর নিকট হইতে প্রাক-জাহাজজাতকরণ পরিদর্শন (পি এস আই) সার্টিফিকেট আমদানিকারককে উপস্থাপন করিতে হইবে এবং উক্ত সার্টিফিকেট অনুযায়ী আমদানিকৃত মালামাল শুল্ক সংক্রান্ত প্রচলিত আইন অনুযায়ী খালাস করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ ফজলুর রহমান
উপ-সচিব (আমদানি)।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।